

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস বন্ড কমিশনারেট
৩৪২/১ সেগুনবাগিচা, ঢাকা।

[Fax-9341076, Web-www.cbc.gov.bd, E-mail-bondcomdhk@gmail.com]

নথি নং-২(২০)৮১/বন্ড কমি/জনপ্রশা/পুরস্কার/১৯/২৪৬২০

তারিখ : ২৭/১১/২০২০ খ্রিস্টাব্দ

প্রেরক : কমিশনার

প্রাপক : দ্বিতীয় সচিব (শুল্ক ও ভ্যাট প্রশাসন-১)
জাতীয় রাজস্ব বোর্ড
সেগুনবাগিচা, ঢাকা।

বিষয় : ৩০/১২/২০২০ খ্রিঃ তারিখে জাতীয় রাজস্ব বোর্ডের নৈতিকতা কমিটির ত্রৈমাসিক সভার (Working paper) বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন।

সূত্র : জাতীয় রাজস্ব বোর্ড হতে ই-মেইলে প্রাপ্ত পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। সূত্রোক্ত পত্রের মাধ্যমে জাতীয় রাজস্ব বোর্ড হতে চাহিত নৈতিকতা ত্রৈমাসিক সভার কার্যবিবরণীর ক্রমিক নং- ১, ২, ৩, ৫, ৬, ১৪ ও ১৬ এ বর্ণিত বাস্তবায়ন অগ্রগতি নিম্নোক্ত ছকে উপস্থাপন করা হলো।

ক্রমিক নং	বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতি
১	অধিনস্থ অফিস ও মাঠ-পর্যায়ের অফিস সমূহের নিয়মিত নৈতিকতা কমিটির সভা আয়োজন	মাঠ-পর্যায়ের অফিস সমূহ নিয়মিত শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভার আয়োজন করে সভার কার্য-বিবরণী বোর্ডে প্রেরণ করবেন	খুব শীঘ্রই এতদসংক্রান্ত সভা আয়োজন কার্যক্রম চলমান। সভা অনুষ্ঠিত হওয়ার পর যথাশীঘ্রই কার্য বিবরণী জাতীয় রাজস্ব বোর্ডে প্রেরণ করা হবে।
২	সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে সভা	উক্ত বিষয়ে অংশীজনের অংশগ্রহণে সভার আয়োজন (Stakeholders) এর কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	কোভিড-১৯ পরিস্থিতির উন্নতি হওয়ায় সংশ্লিষ্ট ব্যক্তি ও প্রতিষ্ঠানের অংশীদারিত্বে নিয়মিত সভা আয়োজনের উদ্যোগ নেয়া হয়েছে। BTMA এবং BGAPMEA এর সাথে ০৫ টি সভা সম্প্রতি অনুষ্ঠিত হয়েছে।
৩	কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন	Zoom এ্যাপ এর মাধ্যমে বিসিএস (কর) একাডেমী ও কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমীর প্রশিক্ষণ আয়োজন অব্যাহত রাখতে হবে	এ দপ্তরের ক্ষেত্রে প্রযোজ্য নয়।
৫	স্ব স্ব ওয়েবসাইটে শুদ্ধাচার সেবাবন্ড হালনাগাদকরণ।	মাঠ-পর্যায়ের অফিস সমূহ ও জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটে শুদ্ধাচার সেবাবন্ড নিয়মিত হালনাগাদ করতে হবে এবং মনিটরিং অব্যাহত রাখতে হবে	কার্যক্রম চলমান
৬	উত্তম চর্চার তালিকা প্রণয়ন করে স্ব স্ব মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ	মাঠ-পর্যায়ের অফিস সমূহ ও বোর্ডের উত্তম চর্চার তালিকা প্রস্তুত করে বোর্ড প্রশাসন-২ শাখায় প্রেরণ করতে হবে।	১। মনিটরিং সভা ২। অপ্রয়োজনীয় ধ্বংসযোগ্য নথি ধ্বংসকরণ সংক্রান্ত সভা ৩। অস্তিত্বহীন প্রতিষ্ঠানসমূহের চিহ্নিতকরণ এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।
১৪	প্রাতিষ্ঠানিক গণশুনানী আয়োজন	নিয়মিত গণশুনানী আয়োজন করে তাঁর প্রতিবেদন বোর্ডে প্রেরণ করতে হবে।	গত ০৪/১১/২০২০ খ্রিঃ তারিখ এ দপ্তরের সম্মেলন কক্ষে গণশুনানী অনুষ্ঠিত হয়েছে। প্রতিবেদন জাতীয় রাজস্ব বোর্ডে প্রেরণ করা হয়েছে।
১৬	ই-ফাইলিং বাস্তবায়ন করা।	ই-ফাইলিং কার্যক্রম গতিশীলতা করতে হবে।	ই-ফাইলিং কার্যক্রম এখনো শুরু করা যায়নি। আশা করছি যথাশীঘ্রই তা শুরু করতে পারব।

৩। ছকে বর্ণিত তথ্যাদি অবগতি ও পরবর্তী কার্যক্রমের জন্য প্রেরণ করা হলো।

[মোঃ শওকাত হোসেন]

কমিশনার

ফোন: ০২-২২২২২৯০০০